নারী উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত পদক্ষেপ

কোন নারী ব্যক্তি মালিকানাধীন বা প্রোপ্রাইটরী প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্তাধিকারী বা প্রোপ্রাইটর হন কিংবা 'অংশীদারী প্রতিষ্ঠান' বা 'রেজিস্টার অব জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস' এ নিবন্ধিত প্রাইভেট কোম্পানীর পরিচালক বা শেয়ার হোল্ডারগণের মধ্যে' অন্যূন ৫১% (শতকরা একান্ন ভাগ) অংশের মালিক হন তাহলে তিনি বা তাঁরা নারী উদ্যোক্তা হিসেবে পরিগণিত হবেন এবং ঐ উদ্যোগটি নারী উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।

নারী উদ্যোক্তা উন্নয়নে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহঃ

দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (সিএমএসএমই) খাতের গুরুত্ব বিবেচনায় নারী উদ্যোক্তাদের অধিকতর উৎসাহ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নানা প্রকার নীতি সহায়তা প্রদান করা হচ্ছে।

১) সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সামগ্রিক ঋণ পোর্টফোলিওতে এসএমই খাতে ঋণ বিতরণ এবং মোট এসএমই ঋণের মধ্যে এসএমই নারী উদ্যোক্তা ঋণের হার ২০২৪ সালের মধ্যে ১৫% এ উন্নীতকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে;

২) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নারী উদ্যোক্তাদেরকে প্রদত্ত/বিনিয়োগ যথাসময়ে সমন্বয়/আদায়/পরিশোধে উৎসাহিত করার লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও গ্রাহক পর্যায়ের প্রত্যেককে ১% হারে সর্বমোট ২% প্রণোদনা সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। জুলাই ০১, ২০২১ তারিখ হতে ডিসেম্বর ৩১,২০২৪ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ সুবিধা প্রযোজ্য।

৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত "স্মল এন্টারপ্রাইজ রিফাইন্যান্স স্কীমের" সমুদয় অর্থ এসএমই নারী উদ্যোক্তাদের ঋণ প্রদানের ক্ষেত্রে শতভাগ পুনঃঅর্থায়ণ প্রদান করা হয় যেখানে গ্রাহক পর্যায়ে সুদের হার সর্বোচ্চ ৫% এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০.৫%।

৪) স্মল এন্টারপ্রাইজ রিফাইন্যান্স স্কীম এর তহবিলের পরিমাণ ৮৫০ কোটি থেকে বাড়িয়ে ১৫০০ কোটি করা হয়েছে যা এসএমই নারী উদ্যোক্তাদের ঋণ প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে। উক্ত পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় ২০০৪ সাল হতে জুন, ২০২১ পর্যন্ত মোট ২৯৮৬৩ জন নারী উদ্যোক্তাকে প্রদত্ত ঋণের বিপরীতে ৩৭৬৫ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়। তন্মধ্যে ২০২০-২১অর্থবছরে মোট ৩০৩৯ জন নারী উদ্যোক্তাকে প্রদত্ত ঋণের বিপরীতে ৫৫০ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়।

৫) বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত অন্যান্য পুনঃঅর্থায়ন স্কীমের মধ্যে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিলের পরিমাণ ৫০ কোটি হতে ১০০ কোটিতে এবং কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় স্কীমের তহবিল এর পরিমাণ ৭০০ কোটি হতে ১৪০০ কোটিতে বৃদ্ধি করা হয়েছে। উক্ত দুটি পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় নূন্যতম ১৫% নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ রাখা হয়েছে। এই স্কীম এর আওতায় গ্রাহক পর্যায়ের সুদের হার সর্বোচ্চ ৭% এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ৩.০০%। কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় ১৭১ জন নারী উদ্যোক্তাকে ৫ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয় এবং কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় ১৯৬৮ জন নারী উদ্যোক্তাকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়।

৬) করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে সিএমএস খাতে সৃষ্ট বিরূপ প্রভাব থেকে উত্তরণ ও আলোচ্য খাতে ঋণ/বিনিয়োগ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে সিএমএস উদ্যোগ খাতে জামানতবিহীন ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কীম চালু করা হয়েছে এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ১০ শতাংশ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়েছে;

৭) সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যেক বৎসর তাদের প্রতিটি শাখা কর্তৃক সংশ্লিষ্ট শাখার আওতাধীন এলাকায় ন্যূনতম ০৩ (তিন) জন উদ্যোগ গ্রহণে আগ্রহী নারী উদ্যোক্তাকে খুঁজে বের করে তাঁদের পছন্দ অনুযায়ী বিষয়ে সক্ষমতা বৃদ্ধির (Capacity Building) লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং সর্বোপরি প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে ন্যূনতম ০১ জনকে কুটির, মাইক্রো অথবা ক্ষুদ্র খাতে ঋণ প্রদান বিষয়ক কর্মসুচি গ্রহণ করা হয়েছে;

৮) দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ব্যবসা-বাণিজ্য ও উৎপাদনশীল শিল্পে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের নারী উদ্যোক্তাদেরকে অধিকহারে উৎসাহিত করতে তাদের অনুকূলে চলমান ঋণ মঞ্জুর অব্যাহত রাখার এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ০১ বছর মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩ মাস এবং মধ্যম ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩/০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে;

৯) নারী উদ্যোক্তাদের ব্যক্তিগত গ্যারান্টির বিপরীতে সর্বোচ্চ ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিতকরণ অব্যাহত রয়েছে;

১০) নারী উদ্যোক্তা উন্নয়নে মনিটরিং কার্যক্রম জোরদারকরণের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসহ প্রধান কার্যালয়ে এবং সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে "নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট" গঠন এবং সফলভাবে এর বাস্তবায়ন চলমান রয়েছে;

১১) নারী উদ্যোক্তাদের ব্যবসা সহায়ক সেবা প্রদান, তাদের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণের লক্ষ্যে প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সকল শাখায় স্বতন্ত্র "Women Entrepreneur's Dedicated Desk" স্থাপন করা হয়েছে;

১২) এসএমই খাতের বিশেষত কুটির, মাইক্রো, ক্ষুদ্র খাতে নারী উদ্যোক্তাসহ সকল উদ্যোক্তাদের সুবিধার্থে এবং স্বল্প সময়ে ঋণ প্রাপ্তি ত্বরান্বিত করতে এসএমই উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগ এর জন্য বাংলা ভাষায় স্বতন্ত্র আবেদনপত্র প্রবর্তন করা হয়েছে;

১৩) বিগত ১৩/০৪/২০২০ তারিখে এসএমই এসপিডি সার্কুলার নং-১ এর মাধ্যমে সিএমএসএমই খাতে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে চলতি মূলধন হিসেবে ২০(বিশ) হাজার কোটি টাকার ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের ন্যূনতম ৫ শতাংশ নারী উদ্যোক্তাগণকে প্রদানের নির্দেশনা দেওয়া হয়েছে। এ ছাড়াও ব্যাংকিং খাতে তারল্য প্রবাহ নিশ্চিতকল্পে অত্র বিভাগ কর্তৃক বিগত ২৬/০৪/২০২০ তারিখ এসএমই এসপিডি সার্কুলার নং-২ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০(দশ) হাজার কোটি টাকার একটি আবতর্নশীল পুনঃঅর্থায়ন স্কীম (Revolving Refinance Scheme) গঠন করা হয়েছে। এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য বরাদ্দকৃত অর্থ হতে তদকর্তৃক বিতরণকতৃ ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ১০০% অর্থ এ স্কীম হতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। নারী উদ্যোক্তাগণও এ সুবিধা লাভ করবেন। উক্ত পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় জুন, ২০২১ পর্যন্ত মোট ৫৪৩৫ জন নারী উদ্যোক্তাকে ঋণ ছাড়করণের বিপরীতে ৭৬০ কোটি টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়।

১৪) "নভেল করোনা ভাইরাস মোকাবেলায় বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা-এসএমই প্যাকেজ" এর যথাযথ বাস্তবায়নের নিমিত্তে উক্ত অঞ্চলে সচেতনতামূলক কর্মসূচি, মতবিনিময় সভা/সেমিনার আয়োজন করার জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা দেয়া হয়েছে।

১৫) কটেজ ও মাইক্রো নারী উদ্যোক্তাদের ঋণ গ্রহণের সুবিধার্থে গ্রুপভিত্তিক ঋণ বিতরণের নীতিমালা প্রবর্তন করা হয়েছে।

১৬) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নারী উদ্যোক্তা নির্বাচনে নারী উদ্যোক্তা চেম্বার/এসোসিয়েশনের সহায়তা গ্রহণ, নারী উদ্যোক্তাদের ঋণ আবেদন বিবেচনায় অগ্রাধিকার প্রদান এবং নারী উদ্যোক্তা অর্থায়নে বিশেষ ব্যাংকিং কৌশল উদ্ভাবন ও প্রয়োগের বিষয়ে ব্যাংকারদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

১৭) কোন নারী উদ্যোক্তা ঋণ গ্রহণে হয়রানির শিকার হলে কিংবা আর্থিক সেবা প্রাপ্তির বিষয়ে তথ্য, পরামর্শ পেতে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের প্রবলেম সল্যুশন সেন্টারে সরাসরি যোগাযোগ, লিখিত আবেদন এবং ই-মেইলের মাধ্যমে জানানোর এবং অভিযোগ দাখিলের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকে সরাসরি কথা বলার সুবিধা রাখা হয়েছে।

১৮) ০৮ জুন ২০২১ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে আর্থিক অর্ন্তভুক্তি কার্যক্রমের মাধ্যমে করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকান্ড চলমান রাখা এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ৩০০০ কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম এর ২৫ শতাংশ ক্ষুদ্র উদ্যোক্তা ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ হিসেবে প্রদান করা হচ্ছে।

১৯) ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে আর্থিক সেবাভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধার/অব্যাহত রাখার লক্ষ্যে পুর্নগঠিত ৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম হতে যেকোন ধরণের আয় উৎসারি কর্মকান্ডে নিয়োজিত মহিলা উদ্যোক্তাগণকে অগ্রাধিকার ভিত্তিতে সুবিধা প্রদান করা হচ্ছে।